শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অধিশাখা: কারিগরি-২
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০
www.moedu.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫২.২২.০০১.১৭- ১৭৪

তারিখ ঃ ১৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।
০২ এপ্রিল, ২০১৭ খ্রিঃ।

বিষয় ঃ খসড়া 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭' চূড়ান্তকরণের লক্ষ্যে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'The Technical Act-1967' হালনাগাদ ও যুগোপযোগী করণের লক্ষ্যে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনক্রমে খসড়া 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন ২০১৭' প্রণয়ন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রণীত খসড়া 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন-২০১৭' ওয়েবসাইট -এ প্রকাশ করা হলো।

০৩। এ বিষয়ে আগামী এক সপ্তাহের মধ্যে সুচিন্তিত মতামত (info@tmed.gov.bd) ই-মেইলে প্রদানের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২/৪/১৭

(সুবোধ চন্দ্র আলী)
উপসচিব
ফোনঃ ৯৫৮২০৫৫
ds_tec2@moedu.gov.bd

বিতরণ:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

প্রণীত খসড়া আইনটি সংশ্লিষ্ট ওয়েবসাইটে আজই প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।

E:\Technical-2\Sec-16\Letter-2017.doc

কারিগরি শিক্ষা আইন, ১৯৬৭ (১৯৬৭ সনের ১নং আইন)-এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু বাংলাদেশে কারিগরি শিক্ষা পুনঃসংগঠন, পরিচালন, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার জন্য কারিগরি শিক্ষা আইন, ১৯৬৭ (১৯৬৭ সনের ১নং আইন)-এর অধিকতর সংশোধনক্রমে রহিতকরণ ও হেফাজতকরণ এবং একটি আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :

অধ্যায়-১
প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**– (১) এই আইন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।–

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, অথবা ভিন্নরূপ আবশ্যক না হইলে, নিম্নেবর্ণিত অভিব্যক্তি সমূহের ক্ষেত্রে এতদ্বারা নির্ধারিত অর্থ প্রযোজ্য হইবে, অর্থাৎঃ-

(ক) "বোর্ড" অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি);

(খ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(গ) "নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ" অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত বোর্ড নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষ;

(ঘ) "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ" অর্থ-

(১) কারিগরি শিক্ষাক্ষেত্রে তফসিল-২-এ বর্ণিত ও সরকারের অনুমোদনক্রমে নব উদ্ভাবিত প্রকৌশল, প্রযুক্তিগত, বাণিজ্যিক, ব্যবস্থাপনা, স্বাস্থ্য, ট্রেড, শিক্ষক প্রশিক্ষণ, পেশা (অকুপেশন) এবং শিল্প (ক্রাফটস্) সংক্রান্ত বিভিন্ন মেয়াদের ডিপ্লোমা, সার্টিফিকেট ও শর্ট কোর্সসহ সময় সময় বোর্ড কর্তৃক নির্বাচিত ও পরিচালিত কোর্সসমূহ।

(২) কারিগরি শিক্ষাক্ষেত্রে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) অনুযায়ী পরিচালিত কোর্স, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (RPL), সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন (CBT&A), প্রশিক্ষক ও অ্যাসেসর কোর্স, শিক্ষানবিশিসহ (Apprenticeship) প্রাক-নিয়োগ জীবিকার্জন দক্ষতা প্রশিক্ষণ, জীবনব্যাপী শিক্ষা ও প্রশিক্ষণ এবং এই উদ্দেশ্যে সময়ে সময়ে প্রণীত কোর্সসমূহ।

(ঙ) "তহবিল" অর্থ এই আইনের ধারা ২০-এর অধীন গঠিত তহবিল;

(চ) "প্রজ্ঞাপন" অর্থ সরকারি গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন;

(ছ) "নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধি দ্বারা নির্ধারিত;

(জ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঝ) "টিভিইটিঅ্যান্ডএ"(Technical, Vocational Education and Training & Assessment) অর্থ কারিগরি, বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ এবং অ্যাসেসমেন্ট।

(ঞ) "টিভিইটিঅ্যান্ডএ ইনস্টিটিউট" অর্থ বোর্ড কর্তৃক সময় সময় অনুমোদিত ও নির্ধারিত বিভিন্ন মেয়াদের বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা/সার্টিফিকেট অর্জনের জন্য প্রকৌশল/কারিগরি এবং বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ, ট্রেড ও ক্রাফটস্ বা অনুরূপ অন্য কোর্সসমূহ পরিচালনাকারি প্রতিষ্ঠান বুঝাইবে;

(ট) "প্রতিষ্ঠান প্রধান" অর্থ এই আইনের অধীন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ এবং অ্যাসেসমেন্ট (TVET&A) পরিচালনাকারী প্রতিষ্ঠানের শিক্ষণ/ প্রশিক্ষণ ও প্রশাসনিক প্রধান;

(ঠ) "কোর্সের মেয়াদ" অর্থ উপযুক্ত কোর্স ডকুমেন্টে নির্ধারিত শ্রেণিকক্ষ ও কর্মস্থলে শিক্ষণ সময়সহ শিখন সময়কাল;

(ড) "পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (RPL)" অর্থ প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিকভাবে অর্জিত কোনো শিক্ষা বা দক্ষতা ও জ্ঞানের পূর্ববর্তী শিখন স্বীকৃতি;

(ঢ) "সক্ষমতাভিত্তিক প্রশিক্ষন ও মূল্যায়ন (CBT&A)" অর্থ জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) অর্জনের জন্য গৃহীত প্রশিক্ষণ;

(ণ) "জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF)" অর্থ জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (NSDP)-তে অনুমোদিত কাঠামো অনুযায়ী শিক্ষা সনদ অর্জন ও জাতীয় মানক্রমকে বুঝাইবে; এবং

(ত) "অ্যাসেসর" অর্থ কোনো একটি নির্দিষ্ট সক্ষমতা মূল্যায়ন করিতে পারদর্শী এবং বোর্ডের সনদধারী।

অধ্যায়-২
বোর্ড

৩। **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা।** – (১) এই আইন বলবৎ হইবার পর হইতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (যাহা ইত:মধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে প্রতিষ্ঠিত হইয়াছে) এই আইন বলে প্রতিষ্ঠিত হইয়াছে মর্মে গণ্য হইবে।

(২) বোর্ড একটি বিধিবদ্ধ সংস্থা হইবে যাহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং উহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জনের ও ধারণ করিবার, উক্তরূপ সম্পত্তি ধারণ করিলে উহা বোর্ডের অনুমোদন সাপেক্ষে হস্তান্তরের, চুক্তি করিবার এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অন্যান্য সকল কার্য সম্পাদনের ক্ষমতা বোর্ডের থাকিবে এবং উক্ত নামে ইহা মামলা করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা করা যাইবে।

৪। **বোর্ড এর গঠন।**– বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নিম্নরূপে গঠিত হইবে :

(১) চেয়ারম্যান, সরকার কর্তৃক নিযুক্ত হইবেন;
(২) কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি;
(৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর অথবা তাঁহার প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নহে);
(৪) জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিলের নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্য;
(৫) মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নহে);
(৬) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহে);
(৭) উপাচার্য, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর প্রতিনিধি (অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহে);
(৮) সভাপতি এফবিসিসিআই মনোনীত প্রতিনিধি (সদস্যের পদমর্যাদার নিম্নে নহে);
(৯) অধ্যক্ষ, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ঢাকা;
(১০) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করিবেন)

সরকার মনোনীত সদস্য

(১১) সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ – ১ জন
(১২) সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ -- ১ জন;
(১৩) বেসরকারি পর্যায়ের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি – ১ জন
(১৪) ইন্ডাস্ট্রি স্কীল কাউন্সিলের সভাপতি (ISC) -- ১ জন;
(১৫) বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন এর প্রতিনিধি -- ১জন (নির্বাহি সদস্য পদমর্যাদার নিম্নে নহে);
(১৬) ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স – এর প্রতিনিধি - ১ জন
(১৭) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিশেষজ্ঞ – ৩ জন

৫। **সদস্যগণের নাম প্রকাশ।**–
বোর্ডের সদস্য হিসাবে মনোনীত বা ক্ষেত্রমত নিয়োগের পর প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিতে হইবে।

৬। **সদস্যপদের মেয়াদ।** – (১) চেয়ারম্যান ব্যতীত বোর্ড সদস্যের মেয়াদ হইবে তিন বৎসর।

(২) বোর্ডের যে কোনো সদস্য চেয়ারম্যান বরাবর পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন

তবে শর্ত থাকে যে, পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাঁহার পদত্যাগ কার্যকর হইবে না।

৭। **সদস্যগণের অযোগ্যতা।** – (১) কোনো ব্যক্তি বোর্ডের সদস্য হিসাবে মনোনীত বা নিয়োগপ্রাপ্ত হইবেন না, যদি তিনি –

(ক) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হইলে;
(খ) দেউলিয়া ঘোষিত হইলে;
(গ) নৈতিক স্খলনজনিত অপরাধ বা ফৌজদারী আইনের আওতায় দন্ডিত হইলে;
(ঘ) বোর্ডের সহিত ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক বা অন্য কোনভাবে ব্যবসায়িক সংশ্লেষ থাকিলে।

(২) বোর্ডের কোনো মনোনীত বা নিয়োগপ্রাপ্ত সদস্য তাহার মনোনয়ন বা নিয়োগের পর উপ-ধারা (১)-এ উল্লিখিত যে কোনো অযোগ্যতার কারণে সদস্যপদের আশু অবসান হইবে।

৮। **আকস্মিক শূন্যতাপূরণ।**- (১) কোনো সদস্য পদ শূন্য হইলে তদস্থলে ৪ ধারা অনুযায়ী অবশিষ্ট মেয়াদের জন্য নতুন সদস্য নিয়োগ করা যাইবে।

(২) ধারা ৬ এর উপ-ধারা (১)-এ উল্লিখিত তিন বৎসর মেয়াদ অতিক্রান্ত হওয়া সত্ত্বেও, চেয়ারম্যান ব্যতীত বোর্ডের কোনো সদস্য উক্ত মেয়াদ অতিক্রান্ত হইবার পর এই আইনের বিধান অনুসারে পদের শূন্যতা পূরণ না হওয়া পর্যন্ত পদে বহাল থাকিবেন।

৯। **বোর্ডের কর্মকর্তা।**–

(ক) চেয়ারম্যান
(খ) সচিব
(গ) পরীক্ষা নিয়ন্ত্রক
(ঘ) পরিচালক

(ঙ) পরিদর্শক এবং

(চ) সরকার ও বোর্ড কর্তৃক নিয়োগপ্রাপ্ত অন্যান্য সকল কর্মকর্তা ।

১০। **নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ।** – (১) বোর্ডের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবে সরকার।

১১। **চেয়ারম্যানের নিয়োগ, ক্ষমতা ও দায়িত্ব :**

(১) চেয়ারম্যান বোর্ডের সার্বক্ষণিক কর্মকর্তা হিসেবে সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবে;

(২) চেয়ারম্যান তাহার নিয়োগ প্রজ্ঞাপনের তারিখ হইতে পরবর্তী চার বৎসরের জন্য বহাল থাকিবেন তবে, সরকারি-কমকর্তার ক্ষেত্রে গণকর্মচারী (অবসর) বিধিমালা-১৯৭৫-এ বর্ণিত বয়সসীমা প্রযোজ্য হইবে এবং উক্ত মেয়াদ অতিক্রান্তের পর পুনঃ নিয়োগ যোগ্য হইবে;

(৩) ছুটি, অসুস্থতা বা অন্য কোনো কারণে এক বৎসরের কম সময়ের জন্য চেয়ারম্যানের পদ সাময়িক শূন্য হইলে, উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছু থাকুক না কেন, সরকার চেয়ারম্যানের দায়িত্ব পালনের জন্য যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) চেয়ারম্যান বোর্ডের প্রধান নির্বাহী ও একাডেমিক কর্মকর্তা হইবেন এবং তিনি বোর্ড নির্ধারিত সভায় সভাপতিত্ব করিবেন। তবে, আবশ্যকতা দেখা দিলে তিনি জ্যেষ্ঠতম কর্মকর্তাকে সভায় সভাপতিত্ব করার অনুমতি দিতে পারিবেন।

(৫) বোর্ডের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উদ্ভূত কোনো জরুরি অবস্থায় চেয়ারম্যান তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। তবে এক্ষেত্রে গৃহীত পদক্ষেপের বিষয়ে বোর্ডের পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।

(৬) চেয়ারম্যান সরকার কর্তৃক অর্পিত, অথবা অন্যান্য আইন, বিধি ও প্রবিধানমালা প্রতিপালনসহ নির্ধারিত অন্যান্য ক্ষমতা প্রয়োগ করিবেন।

১২। **বোর্ডের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারি নিয়োগ।**– (১) চেয়ারম্যান ব্যতীত বোর্ডের কর্মকর্তা, কর্মচারী নিয়োগ কার্যক্রম বিধি অনুযায়ী সম্পাদিত হইবে।

(২) চেয়ারম্যান বোর্ডের অনুমোদনক্রমে পরামর্শক, ব্যবস্থাপক বা বিশেষজ্ঞ অনধিক ছয় মাসের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করিতে পারিবেন।

(৩) চেয়ারম্যান জরুরি প্রয়োজনে অনিয়মিত শ্রমিক প্রবিধি অনুযায়ী নিয়োগ করিতে পারিবেন।।

১৩। **কর্মকর্তা ও কর্মচারির চাকুরির শর্তাবলী।**–
বোর্ডের কর্মকর্তা ও কর্মচারির চাকুরীর শর্তাবলি প্রবিধানমালা দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

১৪। সভা পরিচালনা -
চেয়ারম্যান অথবা চেয়ারম্যানের অনুপস্থিতিতে বোর্ড সভায় উপস্থিত সদস্যগণের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন এবং তিনি ভোটদানের অধিকারী হইবেন। কোনো বিষয়ে ভোট-সমতার ক্ষেত্রে তিনি সিদ্ধান্ত নির্ধারণী দ্বিতীয় ভোট প্রদান করিতে পারিবেন।
তবে,

(১) বোর্ডের নিকট উপস্থাপিত কোনো বিষয়ে ব্যক্তিগত স্বার্থ জড়িত থাকিলে কোনো সদস্য ভোট প্রদান করিতে পারিবেন না।

(২) কোনো সভায় উপ-ধারা (১)-এর অধীন কোনো প্রশ্নের উদ্ভব হইলে চেয়ারম্যান অথবা ক্ষেত্রমত, সভাপতিত্বকারী সদস্য সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং এ সম্পর্কে তাহার সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

১৫। বোর্ডের নির্বাহী-
বোর্ড স্বয়ং ইহার নির্বাহক হইবে।

১৬। বোর্ডের ক্ষমতা।–
বোর্ড নিম্নেবর্ণিত ক্ষমতা প্রয়োগ করিবে।

(১) বোর্ড সমগ্র দেশের মধ্যে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ সংগঠন, পরিচালনা, তদারকি, নিয়ন্ত্রণ, প্রশিক্ষণ, কোর্স নির্ধারণ, পরীক্ষা গ্রহণ, দক্ষতা ও সক্ষমতা যাচাই, ফল প্রকাশ, সনদায়ন এবং উন্নয়ন করিবে;

(২) বোর্ড কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ কোর্স প্রদানকারী শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, নিবন্ধন, পাঠদান, স্বীকৃতি প্রদানের বা প্রদত্ত স্বীকৃতি স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবে,
তবে শর্ত থাকে যে শুনানীর সুযোগ প্রদান ব্যতিরেকে এইরূপ কোন প্রতিষ্ঠানের স্বীকৃতি স্থগিত বা প্রত্যাহার করা যাইবে না।
উক্তরূপ কার্যাবলী প্রবিধানমালা দ্বারা পরিচালিত হইবে;

(৩) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি নীতিমালা এবং আন্ত: প্রতিষ্ঠান শিক্ষার্থী বদলি প্রবিধান দ্বারা পরিচালিত হইবে;

(৪) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও পরিচালনা পরিষদ বা ব্যবস্থাপনা কমিটির মধ্যকার বিরোধ প্রবিধান অনুযায়ী মীমাংসা করিবে;

(৫) বোর্ডের কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা, পদমর্যাদা এবং বেতন ও ভাতা নির্ধারণ এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় সংখ্যক বিশেষজ্ঞ ও পরামর্শক নিয়োগ করিতে পারিবে;

(৬) পদ সৃষ্টি ও বিলুপ্ত করাসহ সকল প্রশাসনিক বিষয় নিয়ন্ত্রণ ও তৎসম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ করিবার;
তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান অনধিক ছয়মাস মেয়াদের জন্য অস্থায়ী পদ সৃষ্টি করিতে পারিবে;

(৭) প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফি নির্ধারণ, দাবি ও গ্রহণ করিবার;

(৮) দান (Endowment) গ্রহণ বা জোগাড় করিবার এবং বৃত্তি, পদক বা পুরস্কারের প্রচলন ও প্রদান করিবার;

(৯) এই আইন ও প্রবিধিমালা দ্বারা ইহার উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবার জন্য চুক্তি এবং উহা বাস্তবায়ন করিবার;

(১০) দেশের বিদ্যমান বিধান অনুসারে প্রয়োজনীয় ভূমি, ভবন, আঙ্গিনা, আসবাবপত্র, যানবাহন, যন্ত্রপাতি, সরঞ্জামাদি, ই-ম্যাটেরিয়ালস, সফটওয়্যার, পুস্তক এবং ইহার কার্য সম্পাদনে আবশ্যক অন্যান্য দ্রব্যাদির ব্যবস্থা করিবার;

(১১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো এর আওতায় প্রদত্ত যোগ্যতা প্রণয়ন (Standard development), পুনর্বিন্যাস, উন্নয়ন এবং ক্ষেত্রমত সংশোধন ও প্রকাশ করিবার;

(১২) সরকারি ও বেসরকারি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারীদের তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন ও রক্ষণাবেক্ষণ। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (NSDC)-এর সহযোগিতায় উহার কর্মসূচী প্রণয়নের লক্ষ্যে শিল্প দক্ষতা কাউন্সিল, (ISC)-এর মাধ্যমে ডিমান্ড ডাটা সংগ্রহ করিবার ;

(১৩) শিল্প দক্ষতা কাউন্সিল (ISC)-এর সহযোগিতায় কম্পিটেন্সি বেজড ট্রেনিং অ্যান্ড এ্যাসেসমেন্ট (CBT&A) পাঠ্যক্রম প্রস্তুত করিবার;

(১৪) সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও তদারকি এবং হস্তান্তর, বরাদ্দ ও পরিচালনা কার্যক্রমের কার্যকরিতা উন্নয়নের জন্য আঞ্চলিক কার্যালয় স্থাপন করিবার;

(১৬) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (RPL) এর মাধ্যমে অর্জিত দক্ষতা অর্জনকারী প্রার্থীদের সক্ষমতা যাচাই করিবার;

(১৭) বোর্ড, প্রয়োজন মনে করিলে, উহার চেয়ারম্যান বা উহার অন্য কোনো কর্মকর্তা বা এই আইনের অধীন গঠিত কোনো কমিটি বা উপ-কমিটিকে উহার ক্ষমতা অর্পণ করিতে এবং এইরূপ অর্পিত ক্ষমতা প্রত্যাহার করিতে পারিবে:
তবে শর্ত থাকে যে, প্রবিধি প্রণয়নের ক্ষমতা অর্পণ করা যাইবে না।

(১৮) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ এর সংগঠন, পরিচালনা, তদারকি, নিয়ন্ত্রণ ও উন্নয়নের জন্য ইহা যেইরূপ প্রয়োজনীয় মনে করিবে সেইরূপ অন্যান্য কার্য ও বিষয়াদি সম্পাদন করিবার; সরকারি ও বেসরকারি অনুরূপ সংস্থার সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করিবার; নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রয়োজনে বিদেশের অনুরূপ সংস্থার সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করিবার।

১৭। **বোর্ডের কমিটি।–**

(১) বোর্ড এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে নিম্নেবর্ণিত কমিটি গঠন করিতে পারিবে, যথা:-

(ক) ডিপ্লোমা কোর্সেস অব স্ট্যাডি কমিটি;
(খ) সার্টিফিকেট কোর্সেস অব স্ট্যাডি কমিটি;
(গ) অর্থ কমিটি;
(ঘ) রেগুলেশন কমিটি;
(ঙ) সিলেকশন কমিটি;
(চ) আপিল ও সালিশ কমিটি;
(ছ) পরীক্ষা এবং/অথবা সক্ষমতা যাচাই কমিটি;
(জ) বয়স শুদ্ধকরণ কমিটি;
(ঝ) সমতুল্যতা প্রোগ্রাম কমিটি;
(ঞ) স্বীকৃতি/এ্যাক্রিডিটেশন কমিটি;
(ট) ইকুইটি উপদেষ্টা কমিটি;
(ঠ) শৃংখলা কমিটি; এবং
(ড) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড কর্তৃক প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অন্য কোনো কমিটি বা কমিটিসমূহ।

(২) উপ-ধারা (১) এর অধীন কমিটির গঠন, ক্ষমতা ও দায়িত্ব যেরূপ নির্ধারণ করা হইবে সেইরূপ হইবে।

১৮। **বোর্ডের সভা।–**

(১) বৎসরে ন্যূনতম ৪টি বোর্ড সভা অনুষ্ঠিত হইবে। তবে প্রয়োজনে চেয়ারম্যান যে কোন সময়ে বোর্ড সভা আহবান করিতে পারিবেন;

(২) প্রতি বৎসর ৩১ মার্চ বা তাহার পূর্বে বোর্ডের বাজেট সভা অনুষ্ঠিত হইবে;

(৩) বোর্ডের অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হইবে। কোরাম পূর্ণ না হইলে সভা অনুষ্ঠিত হইবে না এবং সভা মূলতবী ঘোষিত হইবে ; এবং
তবে, কোরামের অভাবে মূলতবী সভা অনুষ্ঠানকালে কোরামের আবশ্যকতা থাকিবে না।

অধ্যায়-৩
অর্থ

১৯। **বার্ষিক প্রতিবেদন ও বাজেট প্রাক্কলন।–**

(১) বোর্ড সচিব পরবর্তী আর্থিক বৎসরের সম্ভাব্য আয়-ব্যয়ের বিবরণ সম্বলিত বাজেট এবং বিগত আর্থিক বৎসরের বোর্ডের কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করিবেন;

(২) বোর্ড সভায় পাসকৃত বাজেট অনুমোদনের জন্য প্রতি বৎসর ৩০ মে'র মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করিতে হইবে। অতঃপর বোর্ড কর্তৃক দাখিলকৃত বাজেট প্রাক্কলন সরকার অনুমোদন করিবেন অথবা চেয়ারম্যানের সহিত আলোচনাক্রমে যেরূপ প্রয়োজন মনে করেন সেইরূপ পরিবর্তন করিবেন।

২০। **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড তহবিল গঠন।**– (১) "বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড তহবিল" নামে একটি তহবিল গঠিত হইবে; যাহাতে নিম্নেবর্ণিত অর্থ জমা হইবে,-

(ক) এই আইনের আওতায় আদায়কৃত সকল ফি;

(খ) দানের (Endowments) মাধ্যমে অথবা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড কর্তৃক সংগৃহীত বা নিজস্ব সম্পত্তি হইতে অর্জিত আয়;

(গ) সরকারের নিকট হইতে অথবা এই আইনের উদ্দেশ্য পুরণকল্পে অন্য কোনো উৎস হইতে গৃহীত অন্যান্য অর্থ;

(২) তহবিল বোর্ডের নিকট ন্যস্ত হইবে এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে তাহা বোর্ড কর্তৃক নির্বাহ ও পরিচালিত হইবে;

(৩) বোর্ড তহবিলে গচ্ছিত, গৃহীত বা সংগৃহীত সকল অর্থ অবিলম্বে বোর্ডের অনুমোদনক্রমে তফসিলী ব্যাংকে অথবা সরকারি কোষাগারে জমা করিতে হইবে।

২১। **তহবিলের ব্যবহার।**– (১) এই আইনের উদ্দেশ্য পূরণ ব্যতীত এবং ধারা ১৯-এর অধীন সরকার কর্তৃক অনুমোদিত বাজেটে উল্লেখ না থাকিলে অথবা বোর্ড কর্তৃক পুনঃউপযোজন না করা হইলে, এই তহবিল হইতে কোনো ব্যয় নির্বাহ করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এর বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত ক্ষেত্রে তহবিল হইতে অর্থ ব্যয় করা যাইবে-

(ক) নিরীক্ষা ব্যয় পরিশোধ;

(খ) বোর্ডের চেয়ারম্যান, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারির বেতন-ভাতা পরিশোধ;

(গ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অফিস সরঞ্জাম সংগ্রহ, মুদ্রণ ব্যয় পরিশোধ;

(ঘ) বোর্ড এবং উহার অধীন গঠিত কমিটিসমূহের সদস্যগণের ভাতা পরিশোধ;

(ঙ) বোর্ডের অধীন সকল পরীক্ষা অনুষ্ঠান, সক্ষমতা যাচাই ও ফলাফল প্রকাশ সংক্রান্ত ব্যয় পরিশোধ;

(চ) উন্নয়ন কার্যক্রম, অবকাঠামো নির্মাণ ও সম্পদ সংগ্রহ বাবদ ব্যয় পরিশোধ;

(ছ) আনুষঙ্গিক ব্যয় ও প্রযোজ্য ক্ষেত্রে অপরিহার্য ব্যয় পরিশোধ; এবং

(জ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে এবং উহার বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্বাহকৃত অন্যান্য ব্যয় পরিশোধ।

২২। **হিসাব।**–

বোর্ড নির্ধারিত পদ্ধতি ও ছকে উহার সকল আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ করিবে।

২৩। **নিরীক্ষা।**– (১) বোর্ডের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব অর্থ বৎসর শেষে সরকার কর্তৃক নিয়োগকৃত নিরীক্ষক দ্বারা পরীক্ষা-নিরীক্ষা করিতে হইবে। বোর্ড কর্তৃপক্ষ নিরীক্ষা দলকে নিরীক্ষা কার্য সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা করিবে;

(২) বোর্ড কর্তৃপক্ষ নিরীক্ষা প্রতিবেদন মন্তব্যসহ সরকারের নিকট দাখিল করিবে।

২৪। **অননুমোদিত ব্যয়** –

(১) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত বিধি বহির্ভূত ব্যয় সংঘটিত হইলে তাহার দায় অনুমোদনকারী এবং ব্যয় নির্বাহকারী ব্যক্তির উপর বর্তাইবে;

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত প্রতিবেদন বোর্ডের নিকট দাখিলের ১৪ দিনের মধ্যে অনিয়মিত ব্যয় আদায়ের লক্ষ্যে বোর্ড তহবিলে জমাদানের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে নিরীক্ষা আপত্তির বিষয়ে নোটিস প্রদান করিতে হইবে।

(৩) অনিয়মিত ব্যয় বিষয়ে জবাব সন্তোষজনক বিবেচিত না হইলে আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য হইবে।

অধ্যায়-৪
বিবিধ

২৫। **শিক্ষক ও কর্মচারীদের চাকুরির সাধারণ শর্তাবলি।**– (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত, অনুমোদিত, নিবন্ধিত বা অধিভুক্ত টিভিইটি অ্যান্ড এ (TVET&A) প্রতিষ্ঠানসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগনের চাকুরির সাধারণ শর্তাবলি বিদ্যমান বা সময়ে সময়ে প্রণীত প্রবিধি দ্বারা পরিচালিত হইবে।

২৬। **কতিপয় ব্যক্তি সরকারি কর্মচারি হিসাবে গণ্য হইবেন।**–

বোর্ড এবং এই আইনের অধীন গঠিত প্রত্যেক কমিটির সদস্য এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি দণ্ডবিধি, ১৮৬০ (১৮৬০ সনের ৪৫ নং আইন) এর ধারা ২১ এ সংজ্ঞায়িত অর্থে সরকারি কর্মচারি হিসাবে গণ্য হইবেন।

২৭। বৈধতা। –

এই আইনের অধীনকৃত বা গৃহীত কার্যধারা কেবল নিম্নবর্ণিত কারণে অবৈধ হইবে না-

(ক) বোর্ড বা এই আইনের অধীন গঠিত কোনো কমিটি গঠনে কোনো শূন্যতা বা ত্রুটি; এবং

(খ) মামলার বিষয়বস্তু (Merit)-কে ক্ষতিগ্রস্থ করে না এইরূপ কোনো ত্রুটি বা অনিয়ম।

২৮। পেনশন এবং ভবিষ্য তহবিল ।–

(১) এই আইনের আওতায় বোর্ডের কর্মকর্তা-কর্মচারিদের পেনশন ও ভবিষ্য তহবিল প্রচলিত আইন এবং সময়ে সময়ে প্রণীত বিধি ও প্রবিধি দ্বারা পরিচালিত হইবে;

২৯। অবসর গ্রহণের বয়স।–

এই আইনের আওতায় বোর্ডের স্থায়ী কর্মকর্তা-কর্মচারিদের অবসর গ্রহণের বয়স হইবে ৬০ (ষাট) বৎসর।

৩০। আনুতোষিক।– (১) বোর্ডের্ কোন কর্মকর্তা ও কর্মচারি পেনশনযোগ্য চাকুরি পূতির পূর্বে মৃত্যু, চাকুরিকালীন অবস্থায় দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে অক্ষম হইলে, প্রতি বৎসর চাকুরির জন্য এক মাসের বেতনের সম-পরিমাণ আনুতোষিক প্রাপ্য হইবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আনুতোষিকের শর্ত এই উদ্দেশ্যে প্রণীত প্রবিধি দ্বারা পরিচালিত হইবে।

৩১। বোর্ড সদস্যগণের আর্থিক সুবিধা ।–

এই আইনের আওতায় বোর্ড সভায় অংশগ্রহণ বাবদ সদস্যদের সম্মানী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

তবে, বোর্ড কর্তৃক নির্ধারিত সম্মানী ব্যতিরেকে কোনো সদস্য বোর্ডের তহবিল হইতে অতিরিক্ত কোনো ফি বা পারিশ্রমিক প্রাপ্য হইবেন না অথবা বোর্ডের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বোর্ড সংশ্লিষ্ট কোনো বিষয়ে চুক্তি সম্পাদন করিতে পারিবেন না;

৩২। সরকারের বিধি প্রণয়নের ক্ষমতা।–

এই আইনের বিধানাবলী কার্যকর করিবার উদ্দেশ্যে সরকার বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

৩৩। বোর্ডের প্রবিধি প্রণয়নের ক্ষমতা।– (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, এই আইন বা তদোধীন প্রণীত বিধিমালার বিধানাবলীর সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রবিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষতঃ এবং উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, বোর্ড তফসিল ১-এ বর্ণিত সকল বা যে কোনো বিষয়ে প্রবিধিমালা প্রণয়ন করিতে পারিবে;

(৩) এই ধারার অধীন প্রণীত প্রবিধিমালা সরকারি গেজেটে প্রকাশ করিতে হইবে।

৩৪। অন্তর্বর্তীকালীন বিধান।–

(১) এই আইন প্রবর্তনের তারিখ হইতে চেয়ারম্যান ব্যতীত মনোনীত বা নিযুক্ত সদস্যগণকে মনোনয়ন বা নিয়োগ না করা পর্যন্ত, চেয়ারম্যান এবং পদাধিকারবলে নিযুক্ত সদস্যগণ বোর্ড এবং এই আইনের অধীন গঠিত কমিটিসমূহের সকল ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন।

(২) সকল সদস্য মনোনীত ও নিযুক্ত হইবার পর কমিটি গঠন না হওয়া পর্যন্ত, বোর্ড এই আইনের অধীন গঠিত কমিটির সকল ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

৩৫। জটিলতা নিরসন।–

সরকার বোর্ডের প্রথম সভা অনুষ্ঠিত হইবার পূর্বে, উদ্ভূত জটিলতা নিরসন করিবার লক্ষ্যে এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ প্রয়োজনীয় ও সমীচীন আদেশ জারি করিতে পারিবে।

৩৬। দায় মুক্তি। –

(১) এই আইনের অধীন সরল বিশ্বাসে কৃত বা ঈপ্সিত কোন কার্যের জন্য সরকার বা বোর্ড বা চেয়ারম্যান বা বোর্ডের কোনো কর্মকর্তা-কর্মচারির বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা দায়ের বা কোনো আইনগত কার্যধারা গ্রহণ করা যাইবে না।

(২) সরকার বা বোর্ড বা চেয়ারম্যান বা বোর্ডের অন্য কোনো কর্মকর্তা বা এই আইনের অধীন গঠিত কোনো কমিটি কর্তৃক কৃত কোনো কার্য, জারিকৃত কোনো আদেশ বা গৃহীত কার্যক্রম সম্পর্কে কোনো আদালতে মামলা দায়ের বা অন্যকোনোভাবে কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৩৭। কোর্সের ধরন, মেয়াদ, মান এবং যোগ্যতা সনদ নির্ধারণ ।–

(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোর্সের ধরন, মেয়াদ, মান এবং যোগ্যতা সনদ তফসিল ২-এর বিবরণ অনুযায়ী নির্ধারিত হইবে।

(২) বোর্ড সরকারের অনুমোদনক্রমে সময়ের প্রয়োজনে নতুন কোর্স সংযোজন, কোর্সের ধরন, মেয়াদ পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন করিতে পারিবে।

৩৮। রহিতকরণ ও হেফাজত।– (১) The Technical Education Act 1967 (Act No.1of 1967), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) -এ উল্লিখিত রহিতকরণ সত্ত্বেও–

(ক) উক্ত আইন বলবৎ থাকাকালে, উক্ত আইনের অধীন কোনো আদেশ, বিধি, প্রবিধান, নিয়োগ, বন্ধক, হস্তান্তর দলিল, দলিল বা চুক্তি সম্পাদন করা হইলে অথবা ফি প্রদান, করিতে বলা হইলে, রেজুলেশন পাস, নির্দেশনা প্রদান, আইনগত কার্যক্রম/মামলা গ্রহণ, দলিল সম্পাদন বা জারি, স্থাবর-অস্থাবর সম্পত্তি অর্জন অথবা কোনো কিছু করা হইলে, উহা বলবৎ থাকিবে এবং উহা এমনভাবে কার্যকর হইবে যে এই আইনের অধীন কৃত, নির্দেশিত, পাসকৃত, প্রদত্ত, গৃহীত, সম্পাদিত, জারিকৃত বা করা হইয়াছে বলিয়া গণ্য হইবে ।

(খ) কোনো ব্যক্তি উক্ত আইনের অধীন বা ক্ষমতাবলে কোনো নিয়োগ প্রাপ্ত হইয়া থাকিলে তিনি এই আইনের অধীন বা ক্ষমতাবলে নিয়োগপ্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(গ) এই আইনের অব্যবহিত পূর্বে প্রশিক্ষণ ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানে নিবন্ধনের জন্য বিদ্যমান কোন দপ্তর এমনভাবে বলবৎ/কার্যকর থাকিবে যেন সেইগুলো এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(ঘ) উক্ত আইনের বিধানবলে রক্ষিত বা প্রণীত কোনো রেজিস্টার বা অন্যান্য দলিলাদি এই আইনের সংশ্লিষ্ট বিধানবলে রক্ষিত বা প্রণীত রেজিস্টার/নিবন্ধন বহি বা অন্যান্য দলিলাদির অংশ বলিয়া গণ্য হইবে ।

(ঙ) উক্ত আইনের অধীন গঠিত তহবিল এবং গচ্ছিত হিসাব Insurance Act, 1938 (VI of 1938) এর সংশ্লিষ্ট বিধানবলে গঠিত তহবিল এবং গচ্ছিত হিসাব বলিয়া গণ্য হইবে।

৩৯। General Clauses Act,1897 এর ধারা ৬ এর প্রয়োগ।–
এই আইন এর ধারা ৪৫ বা অন্য কোনো বিধানে উল্লিখিত নির্দিষ্ট বিষয় General Clauses Act, 1897 এর Section 6 এর সাধারণ প্রয়োগ ক্ষুণ্ন করিবে না।

৪০। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।–

(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তফসিল ১
(ধারা - ৩৩ দ্রষ্টব্য)

উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, বোর্ড নিম্নবর্ণিত সকল বা যে কোনো বিষয়ে প্রবিধিমালা প্রণয়ন করিতে পারিবে, যথাঃ-

(ক) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ব্যতীত বোর্ডের কর্মকর্তাগণের ক্ষমতা ও দায়িত্ব;

(খ) বোর্ড ও কমিটির সভা পরিচালনা;

(গ) ডিপ্লোমা ও সার্টিফিকেট / জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) এর অধীনে যোগ্যতা সনদ মঞ্জুর এবং প্রত্যাহার;

(ঘ) এইরূপ সার্টিফিকেট ও ডিপ্লোমা এবং জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) এর জন্য নির্ধারিত পাঠ্যক্রম ও কোর্স প্রণয়ন করা;

(ঙ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের স্বীকৃতি মঞ্জুর, নিবন্ধন বা প্রত্যাহার এবং অনুরূপ স্বীকৃতি প্রত্যাহারের জন্য ;

(চ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী বেসরকারি প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বোর্ড/ম্যানেজিং কমিটি'র গঠন, ক্ষমতা ও দায়িত্ব;

(ছ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষকদের চাকুরির শর্তাবলি;

(জ) বোর্ডের পরীক্ষায় এবং/অথবা সক্ষমতা যাচাই এ অংশগ্রহণ এবং সার্টিফিকেট/ ডিপ্লোমা/ অর্জিত সক্ষমতা সনদ প্রাপ্তির জন্য প্রার্থীদের যোগ্যতা সংক্রান্ত শর্তাবলী;

(ঝ) পরিদর্শনের পদ্ধতি ও ধরণ;

(ঞ) বোর্ডের পরীক্ষা এবং/অথবা সক্ষমতা যাচাই এবং অন্যান্য বিষয়ে ফি নির্ধারণ ও গ্রহণ;

(ট) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতিসহ বোর্ডের সকল পরীক্ষা এবং/অথবা সক্ষমতা যাচাই গ্রহণ ও পরিচালনা।

(ঠ) বোর্ড কর্তৃক সম্পত্তি অর্জন, ধারণ ও হস্তান্তর, এইরূপ অর্জন, ধারণ ও হস্তান্তরের অথবা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত অন্য যে কোনো কার্যের শর্তাদি;

(ড) বোর্ড কর্তৃক চেয়ারম্যান ব্যতীত, বোর্ডের কর্মকর্তাগণের নিয়োগ পদ্ধতি;

(ঢ) চেয়ারম্যান কর্তৃক বোর্ডের কর্মকর্তা ব্যতীত, অন্যান্য কর্মচারিগণের নিয়োগ পদ্ধতি;

(ণ) বোর্ডের কর্মকর্তা ও কর্মচারিগণের পদ মর্যাদা এবং শৃংখলামূলক ব্যবস্থা, ছুটি মঞ্জুর ও অবসর গ্রহণের বিধিমালাসহ চাকুরির শর্তাদি;

(ত) ধারা ১২ এর অধীন বোর্ডের কর্মকর্তা পদে সাময়িক ও আকস্মিক শূন্যতা পূরণের পদ্ধতি;

(থ) বোর্ডের আনুমানিক আয় ও ব্যয় প্রদর্শনের ফরম এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রাক্কলন বাজেট প্রেরণ করিবার মেয়াদ;

(দ) যে মেয়াদের মধ্যে বোর্ডের পর্যবেক্ষণসহ নিরীক্ষা প্রতিবেদন বা উহার কপি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে;

(ধ) পেনশন ও ভবিষ্য তহবিল হইতে সুবিধা প্রাপ্তির পদ্ধতি ও শর্ত;

(ন) আনুতোষিক এর শর্ত;

(প) বোর্ড ও কমিটির সভায় যোগদানের জন্য সদস্যগণের ভ্রমণ ও প্রতিদিনের ভাতা;

(ফ) ধারা ১০ এর অধীন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরিতব্য প্রতিবেদন, রিটার্ন ও বিবৃতি; এবং

(ব) প্রবিধি দ্বারা নির্ধারিত অন্যান্য বিষয়াদি।

তফসিল ২

(ধারা -৩৭ দ্রষ্টব্য)

(১) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ বোর্ড কর্তৃক প্রদেয় কোর্সের ধারন, মেয়াদ, মান এবং যোগ্যতা সনদ

ক্রঃ নং	কোর্সের ধরন, মেয়াদ, মান এবং যোগ্যতা সনদ	শিক্ষানবিশি, ডিপ্লোমা/ কোর্সের মেয়াদ	ভর্তির ন্যূনতম যোগ্যতা	প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট
১	২	৩	৪	৫
১.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে প্রকৌশল এবং/অথবা প্রযুক্তির, স্বাস্থ্য, ব্যবস্থাপনা, টিভিইটিঅ্যান্ডএ-এর বিভিন্ন ক্ষেত্রে ডিপ্লোমা পর্যায়ের যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ কোর্স (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	এক হতে চার বৎসর	এস,এস,সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	সংশ্লিষ্ট প্রকৌশল/ প্রযুক্তিতে ডিপ্লোমা
২.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মাধ্যমিকোত্তর সার্টিফিকেট পর্যায়ের যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কোর্স (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	তিন বৎসর	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	সার্ভে ফাইনাল সার্টিফিকেট
৩.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে বিজনেস ম্যানেজমেন্ট, বৃত্তিমূলক পর্যায়ে সীমাবদ্ধ না রেখে এইচএসসি বা সমপর্যায়ের যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কোর্সসহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	(ক) দুই বৎসর (খ) দুই বৎসর	(ক) এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) এসএসসি (ভোক)/ দাখিল (ভোক) পরীক্ষায় উত্তীর্ণ	এইচএসসি ইন (ব্রাঞ্চ) স্পেশালা-ইজেশন এইচএসসি (ভোক) ইন (ব্রাঞ্চ) ট্রেড/ বাণিজ্য
৪.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মাধ্যমিকোত্তর পর্যায়ের যেকোন বিষয়ে যেকোন মেয়াদের সার্টিফিকেট কোর্স (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। (খ) বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেডিক্যাল আল্ট্রাসাউন্ড । বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	এক বৎসর	এস,এসসি বা সমপর্যায়ে পরীক্ষা উত্তীর্ণ (খ)এমবিবিএস/বিডি এস/ নাসিং/ ফিজিও থেরাপি/ আয়ুবেদি।	সার্টিফিকেট ইন (ব্রাঞ্চ) স্পেশালাইজেশন (খ) সার্টিফিকেট

ক্রঃ নং	কোর্সের ধরন, মেয়াদ, মান এবং যোগ্যতা সনদ	শিক্ষানবিশি, ডিপ্লোমা/ কোর্সের মেয়াদ	ভর্তির ন্যূনতম যোগ্যতা	প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট
১	২	৩	৪	৫
৫.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে ডিপ্লোমা পর্যায়ের যে কোন বিষয়ে যে কোন মেয়াদের বাণিজ্যক প্রশিক্ষণ কোর্স (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	দুই বৎসর	এসএসসি বা সমপর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ	বাণিজ্যিক প্রশিক্ষণে ডিপ্লোমা
৬.	(ক) বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে পলিটেকনিক, টেকনিক্যাল ইন্সটিটিউট এবং মনোটেকনিক -এর শিক্ষকদের জন্য ডিপ্লোমাত্তোর পর্যায়ের যে কোন বিষয়ে যেকোন মেয়াদের শিক্ষক প্রশিক্ষণ কোর্স (খ) বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্যিক/বিএম ইনস্টিটিউটের শিক্ষকদের জন্য ডিপ্লোমাত্তোর পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কোর্স (গ) বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের এবং শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রশিক্ষণ কোর্সসমূহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	(ক) এক বৎসর (খ) এক বৎসর (গ) এক বৎসর	(ক) সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ (খ) বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি অথবা ডিপ্লোমা ইন কমার্শিয়াল টেনিং এ উত্তীর্ণ (গ)বিশ্ববিদ্যালয় হইতে নূন্যতম স্নাতক ডিগ্রি	(ক) কারিগরি শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা (খ) সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা (গ) সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট।
৭.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে ভোকেশনাল শিক্ষকদের জন্য শিক্ষক প্রশিক্ষণ যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কোর্স (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	এক বৎসর	সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ	বৃত্তিমূলক শিক্ষক প্রশিক্ষণে ডিপ্লোমা
৮.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) অথবা সমমানের যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কোর্সসমূহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	দুই বৎসর	মাধ্যমিক স্কুল বা সমমানের প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা জেএসসি/ জেডিসি পাস	এসএসসি (ভোক)/ দাখিল (ভোক) ইন ট্রেড (শাখা)
৯.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে/বিষয়ে বেসিক ট্রেড অ্যান্ড ক্রাফট প্রশিক্ষণ যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কোর্সসমূহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	(ক) তিনশত ষাট ঘণ্টা (তিন থেকে ছয় মাস)	মাধ্যমিক বিদ্যালয় বা সমমানের প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি পাস বা প্রি-ভোক লেভেল ২	সার্টিফিকেট ইন (শাখা) ট্রেড
১০.	(ক) বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রশিক্ষণ প্রোগ্রাম/দক্ষতা প্রশিক্ষণ যেকোন বিষয়ে যেকোন মেয়াদের কোর্সসমূহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। (খ) বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেডিক্যাল আল্ট্রাসাউন্ড । বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	(ক) তিনশত ষাট ঘণ্টা (তিন থেকে ছয় মাস) (খ) ছয় মাস	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ)এমবিবিএস/বিডি এস/ নাসিং/ ফিজিও থেরাপি/ আয়ুবেদি।	সার্টিফিকেট ইন (শাখা) ট্রেড (খ) সার্টিফিকেট

ক্রঃ নং	কোর্সের ধরন, মেয়াদ, মান এবং যোগ্যতা সনদ	শিক্ষানবিশি, ডিপ্লোমা/ কোর্সের মেয়াদ	ভর্তির ন্যূনতম যোগ্যতা	প্রদেয় ডিপ্লোমা/ সার্টিফিকেট
১	২	৩	৪	৫
১১.	বোর্ড প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে ট্রেড এবং হস্তশিল্প/ ক্র্যাফট প্রশিক্ষণ যেকোন বিষয়ে যে কোন মেয়াদের কোর্সসমূহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করিয়া প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	তিন থেকে ছয় মাস	প্রাথমিক বিদ্যালয় পরীক্ষায় উত্তীর্ণ বা প্রি-ভোক লেভেল -২	সার্টিফিকেট
১২.	বোর্ড NSDP-এর আওতায় এনটিভিকিউএফ-এর ধরন এবং মান, ভর্তির যোগ্যতা, মেয়াদ, লেভেল এবং সংশ্লিষ্ট কোর্স তথ্য; কোর্সের এ্যাক্রিডিটেশন/স্বীকৃতি ডকুমেন্টে রয়েছে। দক্ষতা সংশ্লিষ্ট ক্ষেত্রের বিভিন্ন পেশা (অকুপেশন) সংক্রান্ত সিবিটিঅ্যান্ডএ কোর্সসমূহ (যাহা ইতোমধ্যে করিগরি শিক্ষা আইন ১৯৬৭ মূলে অনুমোদিত/প্রতিষ্ঠিত হইয়াছে) পরিবর্তন/ পরিমার্জন/ সংশোধন/ সংযোজন করে প্রজ্ঞাপন জারি করিবেন। বোর্ড প্রয়োজনবোধে, অনুরূপ এবং/অথবা নব উদ্ভাবিত ট্রেড / প্রযুক্তির অন্যান্য শাখা অন্তর্ভুক্ত করিতে পারিবে।	কোর্সের এ্যাক্রিডিটেশন/ স্বীকৃতি ডকুমেন্টে	কোর্সের এ্যাক্রিডিটেশন/ স্বীকৃতি ডকুমেন্টে	দক্ষতা সনদ

(২) বোর্ডের বিবেচনায় উপর্যুক্ত এবং সঠিক পাঠ্যক্রম, ডিপ্লোমা, যে কোনো যোগ্যতা সনদ কোর্সে সীমাবদ্ধ না থাকিয়া শিক্ষানবিশি অন্তর্ভুক্তকরণ বা বর্জনের নিমিত্ত সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

(৩) বোর্ড, সময় সময় প্রবিধান দ্বারা প্রদেয় সনদ এবং কর্মসূচি প্রকাশ, নির্দিষ্টকরণ এবং সংশোধন করিতে পারিবে।